

# 17th BIMSTEC Ministerial Meeting (April 01, 2021)

April 01, 2021

## 17তম BIMSTEC মন্ত্রী পরিষদীয় বৈঠক (এপ্রিল 01, 2021)

এপ্রিল 01, 2021

1. ভারতের পররাষ্ট্র মন্ত্রী ডঃ এস জয়শঙ্কর এপ্রিল 1, 2021 তারিখে অনুষ্ঠিত 17তম BIMSTEC মন্ত্রীপরিষদীয় বৈঠকে অংশগ্রহণ করেন শ্রীলঙ্কার সভাপতিত্বে, ভারুয়াল মাধ্যমে অনুষ্ঠিত বৈঠকে সমস্ত BIMSTEC সদস্য রাষ্ট্র যোগদান করে।
2. বৈঠকে BIMSTEC সংগঠনটিকে আরও শক্তিশালী, প্রাণবন্ত, কার্যকরী এবং ফলাফল ভিত্তিক করে তোলা, এবং এর পরিকাঠামোর অধীনে আঞ্চলিক সহযোগিতা বৃদ্ধি করার জন্য ভারতের প্রতিশ্রুতির পুনরাবৃত্তি করেন ডঃ জয়শঙ্কর। তিনি যে যে ক্ষেত্রে ভারত নেতৃত্বশীল দেশ, যেমন সন্ত্রাসবাদ বিরোধিতা এবং আন্তর্দেশীয় অপরাধ, পরিবহন ও যোগাযোগ, পর্যটন এবং পরিবেশ ও দুর্যোগ ব্যবস্থাপনা ইত্যাদি এবং ভারতের গৃহীত অন্যান্য কার্যক্রমগুলির অগ্রগতি সম্বন্ধে উল্লেখ করেন।
3. বৈঠকে পরবর্তী BIMSTEC শীর্ষ সম্মেলনে গৃহীত হওয়ার জন্য পরিবহন সংযোগের BIMSTEC মাস্টার প্ল্যান এবং অপরাধ সংক্রান্ত বিষয়ে পারস্পরিক আইনী সহায়তা সম্পর্কিত BIMSTEC কনভেনশন, BIMSTEC সদস্য দেশগুলির কূটনৈতিক একাডেমী/প্রশিক্ষণ সংস্থার মধ্যে পারস্পরিক সহযোগিতা সম্পর্কিত সমঝোতা স্মারক এবং শ্রীলঙ্কার কলম্বোয় BIMSTEC প্রযুক্তি স্থানান্তর সুবিধা (টিটিএফ) প্রতিষ্ঠা বিষয়ক অ্যাসোসিয়েশন মেমোরাণ্ডাম অনুমোদিত হয়।
4. তারা সদস্য রাজ্যগুলিকে BIMSTEC চার্টার গ্রহণের জন্য তাদের অভ্যন্তরীণ প্রক্রিয়া সম্পূর্ণ করতে এবং BIMSTEC পরিকাঠামোর অধীনে সহযোগিতার সেক্টর এবং সাব-সেক্টরগুলি অনুমোদনের জন্য উৎসাহিত করেছিল যা পরবর্তী BIMSTEC সম্মেলনে গৃহীত হবে।
5. সভায় সদস্য দেশগুলির সাথে পরামর্শ করে আগামী কয়েক মাসের মধ্যে শ্রীলঙ্কায় পঞ্চম BIMSTEC সম্মেলন অনুষ্ঠিত করার জন্য সভাপতির প্রস্তাবে স্বাগত জানানো হয়।
6. বৈঠকে লক্ষ্য করা গেছে যে ভারত পরিচালিত আবহাওয়া ও জলবায়ুর জন্য নির্ধারিত BIMSTEC কেন্দ্রটি দুর্যোগের অগ্রিম সতর্কতা সরবরাহের জন্য আন্তর্জাতিক মানের সুবিধাসম্পন্ন এবং সম্পূর্ণ কার্যকরী।
7. সর্বশেষ BIMSTEC শীর্ষ সম্মেলনে মন্ত্রীবৃন্দ ভারতের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত বেশ কয়েকটি উদ্যোগ বাস্তবায়নের প্রশংসা করেছেন, যথা, 2021 সালের জানুয়ারিতে ভারুয়াল মাধ্যমে BIMSTEC স্টার্টআপ কনক্লেভ; 2020 ফেব্রুয়ারিতে পুরীতে দ্বিতীয় BIMSTEC বিপর্যয় পরিচালন অনুশীলন; 2020 ফেব্রুয়ারিতে BIMSTEC সদস্য দেশগুলিতে মাদক পাচার বিরোধী সম্মেলন; 2019 ডিসেম্বরে নয়াদিল্লিতে জলবায়ু বান্ধব কৃষি ব্যবস্থা সম্পর্কিত BIMSTEC সেমিনার; 2019 ডিসেম্বরে গান্ধীনগরের গুজরাট ইনস্টিটিউট অফ ডিসাস্টার ম্যানেজমেন্টে রিস্ক ইনফর্মড নগর পরিকল্পনা সম্পর্কিত একটি ক্যাম্পাসিটি বিল্ডিং ওয়ার্কশপ; 2018 সেপ্টেম্বরে পুনেতে BIMSTEC মিলিটারি এক্সারসাইজ এবং আর্মি চিফ কনক্লেভ 2018; 2018 অক্টোবরে নয়াদিল্লিতে ইন্ডিয়া মোবাইল কংগ্রেস 2018 -এ BIMSTEC মন্ত্রিপরিষদীয় সম্মেলন; 2020 ফেব্রুয়ারিতে সুসমা স্বরাজ ইনস্টিটিউট ফর ফরেন সার্ভিস, নয়াদিল্লিতে BIMSTEC সদস্য

দেশের কূটনীতিকদের প্রশিক্ষণ; 2020 জানুয়ারিতে শিলংয়ের উত্তর-পূর্ব স্পেস অ্যাপ্লিকেশন সেন্টারে BIMSTEC সদস্য দেশ থেকে 24 জন গবেষক / পেশাদার প্রশিক্ষণ; এবং নালন্দা বিশ্ববিদ্যালয়ের BIMSTEC সদস্য দেশের শিক্ষার্থীদের 30টি বৃত্তি প্রদান।

**নিউ দিল্লি**

**এপ্রিল 01, 2021**

**DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.**